

আন্তর্জাতিক পর্যটনে সৌদি আরবে আয় বেড়েছে ১৪৮ শতাংশ

- A Monitor Desk Report

Date: 07 May, 2025



ঢাকাঃ মধ্যপ্রাচ্যের বৃহৎ অর্থনীতির দেশ সৌদি আরবের পর্যটক মহামারী-পূর্ব পর্যায়ের তুলনায় ১৫৬ শতাংশ বেড়েছে। গালফ অঞ্চলের সম্মিলিত ভিসা ব্যবস্থা ও পর্যটন খাতের সম্প্রসারণে সৌদি আরবের নেয়া পদক্ষেপ প্রবৃদ্ধিতে ভূমিকা রেখেছে।

সম্প্রতি জাতিসংঘের বিশ্ব পর্যটন ব্যারোমিটার প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে।

প্রতিবেদন অনুসারে, মহামারীর অভিঘাত শেষে পর্যটন খাতের পুনরুদ্ধারে নতুন নজির স্থাপন করেছে মধ্যপ্রাচ্য। একমাত্র অঞ্চল হিসেবে মধ্যপ্রাচ্য ২০১৯ সালের তুলনায় ১২২ শতাংশ বেড়েছে পর্যটন খাত। আর অঞ্চলটির প্রবৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অনুঘটক ছিল সৌদি আরব।

এদিকে বিশ্ব পর্যটন সংস্থা জানিয়েছে, ২০২৩ সালে মহামারী-পূর্ব পর্যায়ের তুলনায় আন্তর্জাতিক পর্যটন ৮৮ শতাংশ পুনরুদ্ধার ঘটেছে। প্রাথমিক হিসাব অনুসারে, আন্তর্জাতিকভাবে ২০২৩ সালে ১ দশমিক ৪ ট্রিলিয়ন কোটি ডলার এসেছে খাতটি থেকে, যা মহামারী-পূর্ব সময়ের ৯৩ শতাংশ।

২০১৯ সালে খাতটি থেকে এসেছিল ১ দশমিক ৫ ট্রিলিয়ন ডলার। ব্যারোমিটারে পূর্বাভাস দেয়া হয়েছে, চলতি বছরই পর্যটন খাত মহামারী-পূর্ব পর্যায়ের উন্নীত হবে। প্রাথমিকভাবে পূর্বাভাস দেয়া হয়েছে, ২০১৯ সালের তুলনায় আন্তর্জাতিক পর্যটনে ২ শতাংশ প্রবৃদ্ধি হবে।

-B